# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 23.05.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা ভোটের ষষ্ঠ দফার প্রচারের আজই শেষ দিন। এই দফায় শনিবার ভোট নেওয়া হবে রাজ্যের ৮-টি আসনে।

২) ভোটের মুখে নন্দীগ্রামে দুষ্কৃতিদের হাতে বিজেপি-র এক মহিলা সমর্থক খুন হয়েছেন।

৩) নির্বাচনী আবহে রাজ্যে ২০১০ সালের পর দেওয়া সমস্ত ওবিসি সার্টিফিকেট বাতিল করে কলকাতা হাইকোর্টের রায়ে রাজনৈতিক চাপানোতর তুঙ্গে।

৪) ষষ্ঠ দফার ভোটের দিন ঝড়-বৃষ্টির পূর্বাভাষ থাকায় আগাম ব্যবস্থা নিচ্ছে নির্বাচন কমিশন।

৫) জোড়া ঘূর্ণাবর্ত ও অক্ষরেখার প্রভাবে শনিবার পর্যন্ত দক্ষিণবঙ্গে ঝড়-বৃষ্টির সম্ভাবনা।

পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে বজ্রাঘাতে ৩ জনের মৃত্যু হয়েছে।

ooooooooooooooo

লোকসভা ভোটের ষষ্ঠদফার প্রচারের আজই শেষদিন। এই দফায় শনিবার দুই মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ও ঝাড়গ্রামের আটটি আসনে ভোট নেওয়া হবে। এই পর্বে ১ কোটি ৪৫ লক্ষের বেশি ভোটদাতা ৭৯ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন। মোতায়েন থাকছে ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী এবং প্রায় ৩০ হাজার রাজ্য পুলিশ।

আটটি আসনের মধ্যে রয়েছে পূর্ব মেদিনীপুরের তমলুক। নজরকাড়া এই কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

oooooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে সোনাচূড়ার মনসাবাজারে গতরাতে পাহারা দেবার সময়ে দুস্কৃতীদের আক্রমনে বিজেপী সমর্থক রথীবালা আড়ী নিহত হয়েছেন। আহত হয়েছেন তাঁর ছেলে সহ আরও কয়েকজন। পুলিশ সূত্রে জানা গেছে, গুরুতর জখম অবস্থায় তাদের  হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক রথীবালাকে মৃত ঘোষণা করেন। তাঁর ছেলেকে কলকাতার হাসপাতালে নিয়ে আসা হয়েছে বলে আমাদের প্রতিনিধি শিপ্রা সেন সাহা জানিয়েছেন।

ooooooooooooooooo

ভোটের মধ্যে রাজ্যে ২০১০ সালের পর দেওয়া সমস্ত ওবিসি সার্টিফিকেট বাতিল করে কলকাতা হাইকোর্টের রায়ে রাজনৈতিক চাপানোতর তুঙ্গে।

প্রবীন বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল দ্বারকায় এক নির্বাচনী জনসভায় এই রায়ের উল্লেখ করে বলেন, ইন্ডি জোটের গালে  এই রায় চপেটাঘাতের সামিল।

(বাইট)

অন্যদিকে, গতকাল খড়দায় এক নির্বাচনী সভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী হাইকোর্টের রায়ের তীব্র সমালোচনা করে বলেন, এই রায় তিনি মানেন না।

(বাইট)

(নির্বাচনী প্রচারে গতকাল ফের রাজ্যে এসেছিলেন বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। মুখ্যমন্ত্রী পদে থেকে কি করে মমতা ব্যানার্জী আদালতের রায় না মানার কথা বলতে পারেন, সেই প্রশ্ন তোলেন তিনি।

(বাইট))

আগেই জানানো হয়েছে, রাজ্যে ২০১০ সালের পর দেওয়া সমস্ত ওবিসি সার্টিফিকেট বাতিল করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি রাজাশেখর মান্থার বেঞ্চ গতকাল এই নির্দেশ দেওয়ায় প্রায় পাঁচ লক্ষ ওবিসি সার্টিফিকেট বাতিল হয়ে গেল। তবে, যাঁরা এই সার্টিফিকেট ব্যবহার করে ইতমধ্যেই চাকরি পেয়েছেন বা চাকরি পাওয়ার প্রক্রিয়ার মধ্যে রয়েছেন, তাঁদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য নয়।

২০১১-য় তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পর, ১৯৯৩ সালের ওয়েস্ট বেঙ্গল ব্যাকোয়ার্ড ওয়েলফেয়ার কমিশন আইন অমান্য করে অন্যান্য অনগ্রসর শ্রেনী-ওবিসি শংসাপত্র দেওয়া হচ্ছে বলে ২০১২ সালে হাইকোর্টে মামলা দায়ের হয়। সেই মামলাতেই গতকাল এই রায় দিয়েছেন দুই বিচারপতির বেঞ্চ।

এরপর ওবিসিদের তালিকা স্থির করবে ব্যাকোয়ার্ড ওয়েলফেয়ার কমিশন। সেই তালিকা রাজ্য বিধানসভায় অনুমোদন করাতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০

আদালতের নির্দেশ এবং ওবিসিদের চাহিদাকে মান্যতা দিয়ে দ্রুত পূর্ণাঙ্গ আইন প্রণয়ন করে ভুল সিদ্ধান্ত শুধরে নেওয়ার জন্য সিপিআইএম,

রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছে। ওবিসি ২০১০ এর পর সব ওবিসি তালিকা খারিজ করে হাইকোর্টের রায়ের প্রেক্ষিতে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, পিছিয়ে পড়া মানুষের স্বার্থ সুরক্ষিত রাখতেই হবে।

(বাইট- সেলিম)

সিপিআইএম রাজ্য সম্পাদক জানান, রঙ্গনাথ মিশ্র কমিশনের সুপারিশের ভিত্তিতে গোটা দেশে একমাত্র বামফ্রন্ট সরকার সর্ব প্রথম ওবিসি সংরক্ষণ ১৭ শতাংশ ক'রে সংখ্যালঘু, মূলত মুসলিম সমাজের অর্থনৈতিক, সামাজিক ও শিক্ষাগত দিক থেকে পিছিয়ে পড়া মানুষের শিক্ষা এবং চাকরিতে সংরক্ষণের অধিকার নিশ্চিত করেছিল। কিন্ত 'জনপ্রিয়' হওয়ার মোহে কমিশন ও সংবিধানের তোয়াক্কা না করে খোলামকুচির মতো শংসাপত্র বিলিয়েছে তৃণমূল সরকার। তারই ফল হাইকোর্টের এই রায়।

০০০০০০০০০০০০০০০০০

ষষ্ঠ দফার ভোটের জন্য প্রচুর বাস, মিনিবাস তুলে নেওয়া হয়েছে। এর জেরে দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় আজ থেকে পরিবহণ ব্যবস্থা বিঘ্নিত হওয়ার আশঙ্কা। বেসরকারী বাস মালিক সংগঠন অল বেঙ্গল বাস-মিনিবাস সমন্বয় সমিতির সম্পাদক রাহুল চট্টোপাধ্যায় জানিয়েছেন, দুরপাল্লার বাস পরিষেবায় ব্যাপক প্রভাব পড়তে চলেছে। ২৭ তারিখ থেকে সংশ্লিষ্ট জেলাগুলিতে বেসরকারী বাস চলাচল কিছুটা স্বাভাবিক হতে পারে।

এদিকে, কেন্দ্রীয় বাহিনীর যাতায়াতের জন্য প্রায় সাড়ে ৬-শো সরকারী বাস নেওয়া হয়েছে। এরফলে সাধারণ যাত্রীদের ভোগান্তি যে বেড়েছে, তা স্বীকার করে নিয়েছেন পরিবহণ দফতরের মুখপাত্র।

পয়লা জুন সপ্তম তথা শেষ দফায় কলকাতা ও দুই ২৪ পরগনার ৯-টি আসনে ভোটগ্রহণের জন্য ২৯-শে মে থেকেই বাস পরিষেবা প্রায় স্তব্ধ হয়ে যাওয়ার আশঙ্কা করছেন জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেটসের সম্পাদক

তপন বন্দ্যোপাধ্যায়। তিনি জানান, তীব্র গরমে বহু কর্মী অসুস্থ হয়ে পড়ায় গত এক মাস রাস্তায় বেসরকারী বাস নেমেছে কম। তার ওপর ভোটের জন্য বাস অমিল হওয়ায় যাত্রীদের ভোগান্তি বেড়েছে।

oooooooooooooooo

নির্বাচন কমিশন, বিভু গোয়েলকে ল্যান্ড রেকর্ডস এন্ড সার্ভের ডিরেক্টর পদে নিযুক্ত করেছে। কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকের দায়িত্বে থাকবেন তিনি। গতকাল এই পদ থেকে রশ্মি কমলকে সরিয়ে দেয় কমিশন।

ooooooooooooooooo

ভোটের আগে নাকাচেকিং-এর সময় পূর্ব মেদিনীপুরের হেড়িয়ায় এক যুবকের কাছ থেকে সাড়ে ৭ লক্ষ টাকা উদ্ধার হয়েছে। ইন্দ্রজিৎ দাস নামে বছর ২৫-এর ওই যুবক খেজুরি যাওয়ার জন্য কাঁথি থেকে কলকাতাগামী একটি এ সি বাসে ওঠে। ইড়িঞ্চি ব্রিজের কাছে নাকাচেকিং-এ বাসটিকে দাঁড় করিয়ে পুলিশ তল্লাশি চালানোর সময় ওই টাকা উদ্ধার হয়। খেজুরিতে বিজেপি-র বুথ সভাপতিকে দেবার জন্য সে এই টাকা নিয়ে যাচ্ছিল বলে পুলিশকে জানায় ইন্দ্রজিৎ। তার কাছে থাকা আর একটি ব্যাগে পাওয়া যায় বিজেপি-র ফ্ল্যাগ, ফেস্টুন, স্টিকার ইত্যাদি।

oooooooooooooooo

ষষ্ঠ দফার লোকসভা ভোটের দিন ঝড়-বৃষ্টির পূর্বাভাষ থাকায় দুর্যোগের আবহে ভোটগ্রহণ নিয়ে গতকাল উচ্চ পর্যায়ের বৈঠকে বসে নির্বাচন কমিশন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব সহ কমিশনের কর্তাদের সঙ্গে উপকূলবর্তী জেলাগুলির জেলাশাসক, রাজ্যের বিপর্যয় মোকাবিলা দফতর ও আবহাওয়া দফতরের কর্তাদের সঙ্গে বৈঠকে দুর্যোগ

মোকাবিলারর প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। পঞ্চম দফা ভোটের দিন দুর্যোগের সময় বিদ্যুৎ চলে গিয়ে বেশ কিছু কেন্দ্রে ভোট গ্রহণ ব্যহত হয়েছিল। ওই ঘটনা থেকে শিক্ষা নিয়ে এ বার ভোটকেন্দ্রে ইমারজেন্সি লাইট মজুত রাখার পরামর্শ দিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক। ঝড়বৃষ্টির জন্য আগাম সতর্কতা হিসাবে পর্যাপ্ত ত্রিপল মজুত রাখার পরামর্শ এবং বিদ্যুৎ নিয়ে যাতে কোনও সমস্যা না হয় সে জন্য ৬ জেলার জেলা শাসকদের বিদ্যুৎ দফতরের সঙ্গে যোগাযোগ রেখে চলার নির্দেশও দেওয়া হয়েছে। বৃষ্টিতে ভোটকেন্দ্রে জল জমে গেলে যাতে দ্রুত তা বের করে দেওয়া যায়, সে ব্যবস্থাও তৈরি রাখতে বলেছে কমিশন।

অন্যদিকে, নবান্নে সমস্ত জেলাশাসকের সঙ্গে আজ দুর্যোগ মোকাবিলা নিয়ে ভার্চুয়াল বৈঠক করেন মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা। আগামীকাল থেকেই জেলায় জেলায় আলাদা আলাদা করে কন্ট্রোল রুম চালু করার জন্য মুখ্য সচিব নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে খবর।

ooooooooooooooooo

দক্ষিণ – পশ্চিম বঙ্গোপোসাগর এবং তার সংলগ্ন পশ্চিম – মধ্য বঙ্গোপোসাগরের ওপর একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরি হয়েছে। এর সঙ্গে যুক্ত ঘূর্ণাবর্তটি এখন বিস্তৃত রয়েছে সমুদ্রতলের ৭ দশমিক ৬ কিলোমিটার ওপরে। আগামীকাল সকাল নাগাদ এটি গভীর নিম্নচাপে পরিণত হবে বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট)

অন্যদিকে, পূর্ব বাংলাদেশ ও সংলগ্ন পশ্চিমবঙ্গের ওপর বিস্তৃত রয়েছে আর একটি ঘূর্ণাবর্ত। এরই সঙ্গে অক্ষরেখা প্রসারিত রয়েছে উত্তর-পশ্চিম রাজস্থান থেকে বাংলাদেশ পর্যন্ত। এই ত্রয়ী-র প্রভাবে কলকাতা সহ

দক্ষিণবঙ্গের অনেক জেলায় ২৫-শে মে শনিবার পর্যন্ত বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর ।

মৎস্যজীবীদের আগামীকাল থেকে রবিবার পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

oooooooooooooooo

পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ের বিদ্যাজারা গ্রামের কাছে গতকাল বিকেলে বাজ পড়ে তিন জনের মৃত্যু হয়েছে। জখম হয়েছেন আরও কয়েকজন। স্থানীয় ও পুলিশসূত্রে খবর, ঝড়বৃষ্টির সময় তাঁরা একটি মাটির চালাঘরে আশ্রয় নিয়েছিলেন। আচমকা বাজ পড়লে সবাই লুটিয়ে পড়েন। স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হলে ৬০ বছরের বেহারী বেসরা, বছর ৫৫ র রামদাস হাঁসদা ও ৩৫ বছর বয়সী চুনারাম কিস্কুকে মৃত ঘোষণা করা হয়। তিনজনেরই বাড়ি বাঘমুণ্ডির ভুঁইঘোরা গ্রামে।

ooooooooooooooo

কলকাতার ফুটপাত থেকে চুরি হয়ে যাওয়া ৯ মাসের একটি শিশুকে মুচিপাড়া থানার পুলিশ, বিহারের জামুই থেকে উদ্ধার করেছে। গত সোমবার ভোর চারটে নাগাদ সূর্য সেন স্ট্রীটের ফুটপাতে ঘুমন্ত মায়ের পাশ থেকে শিশুটিকে চুরি করা হয়। সিসি ক্যামেরার ফুটেজ পরীক্ষা করে ভ্যান রিক্সাচালক ইন্দ্রদেব দাসকে চিহ্নিত করে পুলিশ। জেরায় সে অপরাধের কথা কবুল করে এবং জানায়, দেবু ওরফে সুরেশ নামে তার এক সাগরেদ ও তার বাবা ননী কিশোর, শিশুটিকে বিক্রি করতে না পেরে জামুই নিয়ে গেছে। আজ খুব ভোরে ননী কিশোরের বাড়িতে হানা দিয়ে শিশুটিকে উদ্ধার করে পুলিশ। সুরেশ পলাতক। ইন্দ্রদেব ও ননী কিশোরকে আটক করা হয়েছে।

ooooooooooooooo